-ঃ গাইবান্ধা সদর উপজেলা পরিষদের মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি : শাহ সারোয়ার কবীর
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ : ৩১ মে, ২০২৩ সকাল ১০:৩০ টা।

স্থান : হলরুম, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক' হাজিরা) ঃ

জনাব শাহ সারোয়ার কবীর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার সভাপতিত্বে মে, ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ধারাবাহিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা অনিবার্য কারণবশত যথাসময়ে মাসিক সভা অনুষ্ঠান না করার জন্য দুঃখ প্রকাশ করেন। অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর মাসিক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। | এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী/ সংযোজনী/ পরিমার্জন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |

২. উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে এপ্রিল, ২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী ঃ

| নং | বিবরণ | % | (টাকা) |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যানের সম্মানী | | ৪০০০০.০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যানদের সম্মানী | | ৫৪০০০.০০ |
| ০৩ | আপ্যায়ন ব্যয় | | ৩০০০০.০০ |
| ০৪ | মালি ও ঝাড়ুদারের মজুরি | | ২৮৬০০.০০ |
| ০৫ | আনুষঙ্গিক ব্যয় | | ৫০০০.০০ |
| ০৬ | বৈদ্যুতিক লাইন মেরামত বিল | | ৫০০০০.০০ |
| ০৭ | আসবাবপত্র সংগ্রহ বিল | | ১৯০০০০.০০ |
| ০৮ | আসবাবপত্র মেরামত বিল | | ২৩০০০.০০ |
| ০৯ | জিপগাড়ির জ্বালানী বিল (জানুয়ারি-মার্চ) | | ৮৩১৮৮.০০ |
| ১০ | সিসি ক্যামেরা বিল | | ৩০০০০০.০০ |
| ১১ | বঙ্গবন্ধু মুর‍্যাল বিল | | ৬৫০০০০.০০ |
| ১২ | মাস্টাররোলে নিয়োগকৃত কর্মচারীর উৎসব ভাতা | | ২০০০০.০০ |
| ১৩ | বর্জ্য ব্যবস্থাপনা বিল | | ১২০০০.০০ |
| ১৪ | সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল | | ১০৫৪৫০.০০ |
| ১৫ | কর আদায়ের জন্য ব্যয় | | ১৩২৩৫০.০০ |
| | সর্বমোট: **(মাত্র সতের লক্ষ তেইশ হাজার পাঁচশত আটাশ টাকা)** | | ১৭,২৩৫৮৮.০০ |

সিদ্ধান্তঃ এপ্রিল, ২০২৩ মাসের আয়-ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং বিধিমতে ব্যয় পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

৩. **বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ**

| আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় স্বাস্থ্য বিভাগের বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন যে, কোভিডের ভ্যাকসিন পাওয়া গেছে। ৩য় ও ৪র্থ পর্যায়ের ডোজ শীঘ্রই প্রদান করা হবে। সে শিক্ষার্থীরা টিকা নিতে পারেন নাই তাদের টিকা দেয়া হচ্ছে। আগামী ৪-১০ জুন, ২০২৩ সময়ে ২৮তম "জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ" পালন করা হবে। জুন মাসে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন শুরু হবে। উক্ত কর্মসূচিগুলো বাস্তবায়নে উপজেলা স্বাস্থ্য বিভাগ কাজ করে যাচ্ছে। ইউনিয়ন পর্যায়ে মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে কমিউনিটি ক্লিনিকগুলো কাজ করে যাচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোর জমির দলিল প্রেরণের জন্য তিনি সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ক. তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো।<br>খ. কমিউনিটি ক্লিনিকগুলোর জমির দলিল প্রেরণের জন্য তিনি সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) |
| **৩.২ উপজেলা কৃষি বিভাগ ঃ** | | |
| উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, আউশ ধানের রোপন কার্যক্রম চলছে। বোরো মৌসুমের কার্যক্রম শেষ হয়েছে। আমন মৌসুমের প্রণোদনা কার্যক্রমের প্রস্তুতি চলছে। এছাড়া কৃষি বিভাগের পক্ষ হতে কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | তার দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখতে, কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.৩ উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** | | |
| উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার দপ্তরে আগত অসুস্থ প্রাণিদের সেবা প্রদান অব্যাহত রয়েছে। গবাদীপশুর জাত উন্নয়নের জন্য উপজেল প্রাণিসম্পদ অফিস হতে সিমেন প্রদান করা হচ্ছে। কোরবানীর হাটে অসুস্থ পশু মনিটরিং করার ব্যবস্থা রাখা হবে। উপজেলা পরিষদের পক্ষ হতে প্রাপ্ত কৃমিনাশক ট্যাবলেট বিতরণের কাজ চলমান রয়েছে। গবাদীপশু চাষীদের মধ্যে কৃমিনাশক ট্যাবলেট বিতরণের ব্যবস্থা করায় তিনি উপজেলা পরিষদ ধন্যবাদ জ্ঞাপন করেন। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদর। |

চলমান পৃষ্ঠা-২/৫

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.৪ উপজেলা মৎস্য বিভাগ:** | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মাছ চাষের জন্য গাইবান্ধা সদর উপজেলায় উদ্যোক্তা তৈরি করা হচ্ছে। এ বিষয়ে ইউনাইটেড কমার্শিয়াল (ইউসিবি) ব্যাংকের সাথে আলোচনা হয়েছে। ইউসিবি ব্যাংক প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে ব্যাংকের সাথে আলোচনা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.৫ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার জানান তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এরপর তিনি তার বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>তিনি জানান যে, গাইবান্ধা সদর উপজেলাধীন সক্ষম দম্পতির ১,০৫,৫২৫ জন তন্মধ্যে মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৮৪,৬৯৬ জন, গ্রহনকারীর হার (সিএআর) ৮০.২৬%। মে/২০২৩ ইং মাসে ৪৪ টি টিউবেকটমি সম্পাদন করা হয়েছে, অর্জিত হার ৪০০%। ২২ জন কে আইইউডি প্রয়োগ করা হয়েছে, অর্জিত হার ২১%। ১৯৪ জনকে ইমপ্ল্যান্ট প্রয়োগ করা হয়েছে, অর্জিত হার ১৭৩%। খাবার বড়ি ২,০২৩ জনকে বিতরন করা হয়েছে, অর্জিত হার ৬১%। কনডম ১৯৯ জনকে বিতরন করা হয়েছে, অর্জিত হার ৩৪% হয়েছে এবং ৯৪৯ জনকে ইনজেকটেবলস পদ্ধতি প্রয়োগ করা হয়েছে, অর্জিত হার ৫৯%। সংশ্লিষ্ট মাসে গাইবান্ধা সদর উপজেলায় ৭৪ জন কে সিজারিয়ান অপারেশনসহ ৩৯৬ জনের ডেলিভারী সম্পাদন করা হয়েছে এবং ১,৮৭৪ জন গর্ভবতী মাকে প্রসবপূর্ব সেবা ও ৫৮১ জন মাকে প্রসব পরবর্তী সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, বিভাগীয় কার্যক্রমে বিভিন্ন পদ্ধতি গ্রহণ ও সক্ষম দম্পতিদেরকে পরামর্শ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.৬ উপজেলা এলজিইডি বিভাগ:** | | |
| উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধা তার দপ্তরের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন যে, ঘাঘট লেক উন্নয়ন প্রকল্পের কাজ এ বছরই শেষ হবে মর্মে তিনি আশা ব্যক্ত করেন। খোলাহাটী ও দারিয়াপুর ইউনিয়ন ভূমি অফিসের কাজ শেষ হয়েছে। গাইবান্ধা সদর উপজেলায় বর্তমানে ব্রীজ, রাস্তা, কালভার্টের কিছু কাজ চলমান রয়েছে। ইউজিডিপি প্রকল্পের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এডিপি প্রকল্পের পিআইসি কমিটি জমা দেয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া টেন্ডারের মাধ্যমে যে সমস্ত ঠিকাদারেরা কাজ পেয়েছেন তাদের কাজ চলমান রয়েছে। জুন মাসের মধ্যেই সকল কাজ শেষ হবে মর্মে তিনি আশা ব্যক্ত করেন। | ১) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় গৃহীত প্রকল্পসমূহ জুন, ২০২৩ মাসের মধ্যেই কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো;<br>২) এডিপি ও ইউডিএফের পিআইসি কমিটি পাওয়া যায় নাই, তাদের দ্রুত পিআইসি কমিটি জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| **৩.৭ উপজেলা শিক্ষা অফিস:** | | |
| উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, বর্তমানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.৮ উপজেলা রিসোর্স সেন্টার ঃ** | | |
| উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন উপজেলা রিসোর্স সেন্টার, গাইবান্ধা সদর, গাইবান্ধায় ২০২২-২৩ অর্থ বছরের মে,২০২৩ মাসে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নিয়োগপ্রাপ্ত সহকারি শিক্ষকগণের প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) এর আওতায়'ইনডাকশন' প্রশিক্ষণ ০৩ ব্যাচ সফলভাবে সমাপ্ত হয়েছে। অত্র দপ্তরের অন্যান্য সাধারন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে বিধি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি জানান যে, ইজিপিপি প্লাস প্রকল্পের শ্রমিক অনেক সময় অনুপস্থিত থাকে বলে জানা যায়। যেসমস্ত শ্রমিক একদমই কাজ করে না এবং যারা মারা গেছেন তাদের পরিবর্তন করার নির্দেশনা পাওয়া গেছে। অনেক ইউনিয়ন থেকে পিআইসি কমিটি না পাওয়ায় অর্থ ছাড় করা যাচ্ছে না। জুন মাস সমাগত পিআইসি কমিটি না পাওয়া গেলে এবং কোন অর্থ ল্যাপ্স হয়ে গেলে তার দায় অফিস বহন করবে না। | ইজিপিপি প্রকল্পের কাজ মনিটরিং-এর জন্য সুশীলন নামক এনজিও'র প্রতিনিধিদের সহযোগিতা, পিআইসি কমিটি জমা প্রদান এবং নির্দিষ্ট ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী টিআর/কাবিখার কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো এবং চেয়ারম্যান, ইউপি (সকল)-কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। ও চেয়ারম্যান, ইউপি |

চলমান পৃষ্ঠা-৩/৫

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১০ উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ** | | |
| উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নতুন ভাতার বরাদ্দ আগস্ট, ২০২৩ মাসে পাওয়া সম্ভাবনা রয়েছে। এছাড়া কিছু দুষ্কৃতিকারী ভাতাভোগীদের নিকট পিন নম্বর বা ওটিপি নম্বরের জন্য ফোন দেয়। কোন ভাবে অন্য কোন ব্যক্তির নিকট পিন নম্বর বা ওটিপি নম্বর দেয়া যাবে না। বিষয়টি প্রচার করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১. সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো।<br>২. ভাতাভোগীদের মোবাইল নম্বর সচল রাখতে এবং মোবাইলের পিন নম্বর নির্ভরযোগ্য ব্যক্তি ছাড়া অন্য কারো নিকট প্রকাশ না করার বিষয়টি প্রচার ও উপকারভোগীদের পরামর্শ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানের অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১১ উপজেলা খাদ্য বিভাগঃ** | | |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপিস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা যায় নাই। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখপ্রকাশ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১২ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে।, এসএসসি ও সমমানের পরীক্ষা, ২০২৩-এর পরীক্ষা শেষ পর্যায়ে কিছু ব্যবহারিক পরীক্ষা রয়েছে। গাইবান্ধা সদর উপজেলায় পরীক্ষা সফলভাবে সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৩ উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** | | |
| উপসহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তিনি আরো জানান যে, মুজিববর্ষ উপলক্ষ্যে গাইবান্ধা সদর উপজেলার আশ্রয়ন কেন্দ্রগুলো নলকুপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৩৪৮টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। তাই তিনি উপজেলা ওয়াটসান কমিটির সভার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অনুরোধ করেন। | উপজেলা ওয়াটসান কমিটির সভা আহ্বানের জন্য উপসহকারী প্রকৌশল, জনস্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর |
| **৩.১৪ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা যুব অফিসারের প্রতিনিধি জানান যে, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, মহিলাদের জন্য পোষাক তৈরি, গবাদি পশুপালন, ইলেকট্রিক, কম্পিউটার, মৎস্য ও কৃষি এবং ড্রাইভিং ইত্যাদি ট্রেডে প্রশিক্ষণ চলমান রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.১৫ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন যে, এমব্রয়ডারি (কারচুপি) ট্রেডে ২০ জন করে মোট ৪০ জন সুফলভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে বিভিন্ন সমিতিতে প্রায় ৮.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দুরীকরণ প্রকল্প হতে মোট ১১.২৬ লক্ষ টাকা মহিলা উন্নয়ন অনুবিভাগ হতে ০.২১ লক্ষ টাকা, আবর্তক ঋণ তহবিল হতে ২.২০ লক্ষ টাকা ও কোভিড-১৯ হতে ০.৪০ লক্ষ টাকা আদায়সহ মোট ১৪.০৭ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। এছাড়া পল্লী উন্নয়ন দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে সরকারি ঋণ আদায়ের হার বৃদ্ধি, সার্টিফিকেট মামলাসমূহ নিষ্পত্তি, বিধিমতে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৬ উপজেলা সমবায় বিভাগঃ** | | |
| উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলার ০৯টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলা মোট সুবিধাভোগীর সংখ্যা ছিল ১২০ জন। বর্তমানে ব্যারাক ত্যাগকারী ৭০ জন, মৃত ০৯ জন উপকারভোগীর নিকট থেকে কিস্তি আদায় করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ দাদন ও আদায় কমিটির সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারি নির্দেশনামতে অফিস পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৭ উপজেলা পরিসংখ্যান অফিসঃ** | | |
| উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপস্থিত থাকেন। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হয় এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পরিসংখ্যান তদন্তকারীকে অনুরোধ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর। |

চলমান পৃষ্ঠা-৪/৫

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১৮ উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** | | |
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ভিডাব্লিউবি কর্মসূচির খাদ্য বিতরণ আদেশ মে, ২০২৩ এর জন্য জারি করা হয়েছে। খাদ্য বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির জুলাই, ২০২২ হতে এপ্রিল ২০২৩ পর্যন্ত ১৩টি ইউনিয়ন হতে প্রাথমিক তালিকা পাওয়া গেছে। অনলাইন পদ্ধতিতে ভাতাভোগীদের চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। প্রধান কার্যালয়ের নির্দেশনা পাওয়া গেলে পে-রোল করা হবে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রাথমিক তালিকা অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৯ সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।** | | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা সভায় অনুপস্থিত পাওয়া যায়। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখ প্রকাশ করা হলো। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য এবং তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধ কে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা। |
| **৩.২০ পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখাঃ** | | |
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা, গাইবান্ধা তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় জানান। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে ঋণ বিতরণ ও তদানুযায়ী আদায়ের হার বৃদ্ধি করার জন্য এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর |
| **৩.২১ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ** | | |
| উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি নিম্নবর্ণিতভাবে বিগত মাসের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি তার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে ঋণ বিতরণ ও আদায় করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.২২ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** | | |
| ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান যে, স্ট্যান্ডিং কমিটি সভাগুলো নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | স্ট্যান্ডিং কমিটি সভাগুলো নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো এবং এ বিষয়টি নিশ্চিত করতে ইউডিএফকে অনুরোধ করা হলো। | ইউডিএফ, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.২৩ তথ্য আপা প্রকল্পঃ** | | |
| উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গাইবান্ধা সদরকে অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.২৪ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ** | | |
| ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদের কার্যক্রম স্বাভাবিক আছে মর্মে জানান। চেয়ারম্যান, লক্ষীপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, সমাজসেবা অধিদপ্তরের ভাতাভোগীর মোবাইল নম্বর প্রতারক চক্র কিভাবে পায় তা দেখা জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, লেংগা নদীতে কয়েক জায়গায় নদীপথ বন্ধ করা হয়েছে। যার কারণে মৎস্য প্রজনন ব্যাহত হচ্ছে। যারা নদীপথ বন্ধ করেছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১. তার ইউনিয়ন পরিষদে সেবা গ্রহীতাদের সেবা প্রদান অব্যাহত রাখতে চেয়ারম্যান, ইউপি সকলকে অনুরোধ করা হলো।<br>২. যারা নদীপথ বন্ধ করেছে তাদের বিরুদ্ধে প্রচলিত আইন মামলা করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২৫ স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠানঃ** | | |
| উপজেলা পরিষদে ১৭টি স্ট্যান্ডিং কমিটিসমূহের উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য-সচিব হচ্ছেন বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত সভা আহবান, কমিটির কার্যবিবরণী প্রস্তুতপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, কার্য বিবরনী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন বাবদ ৮,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| **৩.২৬ বিবিধঃ** | | |
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের বাজেট ২০২৩-২৪ ঘোষণা করা হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের চেয়ারটি নষ্ট হওয়ায় তার চেয়ার ক্রয়ের জন্য ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা, চেয়ারম্যানের বাসভবনের পানির লাইন মেরামত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, জিপগাড়ির মেরামত বিল বাবদ ১০,৭৫০/- (দশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয় করা হয়েছে। সেই সাথে চেয়ারম্যানের ব্যবহৃত জিপগাড়িটির এপ্রিল-মে,২০২৩ মাসের জ্বালানী বিল পাওয়া গেছে। যা পরিশোধ করা প্রয়োজন। উক্ত বিলসমূহ | ১. উপজেলা চেয়ারম্যানের চেয়ার নষ্ট হওয়ায় তার জন্য আসবাবপত্র খাত হতে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ে ০১টি চেয়ার ক্রয়ের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | |

চলমান পৃষ্ঠা-৫/৫

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস সরঞ্জাম খাত হতে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, কম্পিউটার মেরামত ও টোনার ক্রয় বাবদ মেরামত বাবদ ৭,২০০/- (সাত হাজার দুইশত), টেবিলের গ্লাচ ক্রয় বাবদ ১২,০০০/- (বারো হাজার), মশার ওষুধ ক্রয়, ছিটানোর প্রেট্রোল খরচ ও শ্রমিকের মজুরি বাবদ সর্বমোট ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চত্বর ও ভবনসমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ সর্বমোট ১৫,৫০০/- (মাত্র পনের হাজার পাঁচশত) টাকা ব্যয় করা হয়েছে। এ ব্যয়সমূহ পরিশোধ করা জরুরি। এসব ব্যয় নির্বাহের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং পরিশোধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভায় অনুরোধ করা হয়। | ২. উপজেলা পরিষদের চেয়ারম্যানের বাসভবনের পানির লাইন মেরামত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩. উপজেলা পরিষদের জিপগাড়ির এপ্রিল-মে,২০২৩ মাসের জ্বালানী বিল এবং জিপগাড়ির মেরামত বিল বাবদ ১০৭৫০/- (দশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস সরঞ্জাম খাত হতে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, কম্পিউটার মেরামত ও টোনার ক্রয় বাবদ মেরামত বাবদ ৭,২০০/- (সাত হাজার দুইশত), টেবিলের গ্লাচ ক্রয় বাবদ আসবাবপত্র খাত হতে ১২,০০০/- (বারো হাজার), মশার ওষুধ ক্রয়, ছিটানোর প্রেট্রোল খরচ ও শ্রমিকের মজুরি বাবদ মশক নিধন খাত হতে সর্বমোট ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চত্বর ও ভবনসমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা উক্ত খাত হতে বাবদ সর্বমোট ১৫,৫০০/- (মাত্র পনের হাজার পাঁচশত) টাকা ব্যয় পরিশোধ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২৭ উপজেলা নির্বাহী অফিসার:** | | |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে আহবান করেন। | সকলকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| **৩.২৮ চেয়ারম্যান, উপজেলা পরিষদ:** | | |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান সভায় বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। ধারাবাহিকভাবে আলোচিত বিষয়সমূহ বাস্তবায়নের জন্য তিনি সকলকে অনুরোধ করেন। | ধারাবাহিক আলোচিত বিষয়সমূহের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/৫/২৩

(শাহ সারোয়ার কবীর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক সাধারণ সভা
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৬.০০১.১৯. ৬১৭

তারিখ ঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ / ৩১ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩০, গাইবান্ধা-০২, গাইবান্ধা সদর ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, উত্তর পূর্ব ব্লক, কক্ষ নং-২২৩-২২৫, লেভেল-০২, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৬। উপপরিচালক (উপপরিচালক), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৯। উপজেলা ........................................ অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১০। চেয়ারম্যান, ........................................ ইউপি (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১১। অফিস কপি।

৩১/৫/২৩

(মোঃ শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।